# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ راء (র) [৮৯]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

راء (র) - ২

أَرْجَعَ ফিরিয়ে আনা, ফেরত পাঠানো, পেশ করা, ফিরানো, প্রত্যাহার করা, রুজু করা ২:২৮

تَرَاجَعَ প্রত্যাহার করে নেওয়া, রজয়াত করা, স্ত্রীকে ফিরিয়ে নেওয়া, পুনর্বিবাহ করা, পরস্পরের কাছে যাতায়াত করা, পুনর্যাত্রা করা ২:২৩০

رَاجِعٌ প্রত্যাবর্তনশীল, প্রত্যাবর্তনকারী ২:৪৬

مَرْجِعٌ প্রত্যাবর্তন, আবর্তন, ফিরে আসা, প্রত্যাবর্তনস্থল, আশ্রয়স্থল, আবর্তনস্থল ৩:৫৫

رجف> [ن] رَجَفَ কাঁপা, প্রকম্পিত হওয়া, ভূমিকম্প হওয়া, থরথর করা, কাঁপানো, প্রকম্পিত করা ৭৯:৬

الرَّاجِفَةُ প্রকম্পণকারী, কাঁপানিয়া, কম্পমান, কম্পনশীল, শিঙার প্রথম ফুৎকার ৭৯:৬

الرَّجْفَةُ প্রকম্পণ, ভূমিকম্প ৭:৭৮

مُرْجِفٌ রোমাঞ্চকর গুজব রটনাকারী, গুজব রটনাকারী ৩৩:৬০

رجل> رِجَالٌ ج رَجُلٌ মানুষ, মানব, লোক, ব্যক্তি, মানবজাতি, পুরুষ, নর, নরকুল, প্রাপ্তবয়স্ক পুরুষ ৪:৭

رِجْلٌ ج أَرْجُلٌ পা, পদ, কদম, চরণ ৫:৬

رَجِلٌ পদাতিক সৈন্য, পদব্রজী বাহিনী, পদযাত্রী সৈন্যদল ১৭:৬৪

رجم> رَجْمًا، [ن] رَجَمَ পাথর মারা, প্রস্তর নিক্ষেপ করা, রজম করা, প্রস্তরাঘাতে হত্যা করা, পাথর মেরে হত্যা করা ১১:৯১

رَجْمًا بِالغَيبِ আন্দাজে ঢিল ছোড়া, অনুমানে কথা বলা ১৮:২০

رُجُومٌ নিক্ষেপ করার পাথর, নিক্ষিপ্ত পাথর, উল্কা, ক্ষেপণাস্ত্র ৬৭:৫

رَجِيمٌ، مَرْجُومٌ প্রস্তরাঘাত খাওয়া, প্রস্তর নিক্ষিপ্ত, শয়তান, অভিশপ্ত, বিতাড়িত, রজমকৃত, প্রস্তরাঘাতে হত্যাকৃত ৩:৩৬, ২৬:১১৬

رجو> [ن] رَجَى আশা করা, কামনা করা, আকাঙ্ক্ষা করা, বাসনা করা, প্রত্যাশা করা, সাধ জাগা, শখ করা, ইচ্ছা করা ১০:৭

أَرْجَى আশা দিয়ে রাখা, বিলম্বিত করা, ঢিল দেওয়া, অবকাশ দেওয়া, শিথিল করা, সুযোগ দেওয়া, স্থগিত রাখা, মুলতুবি রাখা, দূরে রাখা ৩৩:২১

مَرْجُوًّا প্রত্যাশিত, কাঙ্ক্ষিক্ষত ব্যক্তি, বাঞ্ছিত, অভীষ্ট, উদ্দিষ্ট ১১:৬২

مُرْجًى আশান্বিত, প্রতীক্ষিত, আশার আলো, বিলম্বিত ৯:১০৬

رَجًا و أَرْجَاءٌ কিনারা, প্রান্ত, পার্শ্ব দেয়াল ৬৯:১৭

رَحُبَ [ك] <رحب বিস্তৃত হওয়া, প্রশস্ত হওয়া, সুবিস্তীর্ণ হওয়া, চওড়া হওয়া, বিশাল হওয়া, সুবিশাল হওয়া, সুপরিসর হওয়া, মস্তবড় হওয়া, বিরাট হওয়া, স্বাগতম জানানো, খোশ আমদেদ জানানো, অভ্যার্থনা দেওয়া ৯:২৫

مَرْحَبًا প্রশস্ত স্থান, মহাস্থান, অভিনন্দনকেন্দ্র, অভ্যার্থনাকক্ষ ৩৮:৫৯

رَحِيقٌ ص <رحق বিশুদ্ধ পানীয়, খাঁটি শরাব, নির্ভেজাল সুরা ৮৩:২৫

رَحْلٌ ج رِحَالٌ <رحل রসদপত্র, মালপত্র, বোঝা, থলি, শস্যের বস্তা ১২:৭০

رِحْلَة সফর করা, পর্যটন, বাণিজ্যিক ভ্রমণ, কাফেলা ১০৬:২

رَحِمَ [س]، رَحْمَةً، رُحْمًا، مَرْحَمَةٌ <رحم দয়া করা, অনুগ্রহ করা, রহম করা, অনুকম্পা করা, করুণা করা, কৃপা করা, রহমত দেওয়া, মমতা করা, মায়া করা, মেহেরবাণী করা, ভালোবাসা, আন্তরিক হওয়া ১৮:৮১

أَرْحَمُ সর্বাধিক দয়ালু, অধিক দয়াবান, অতি দয়ালু, সর্বাধিক কৃপাশীল ৭:১৫১

أَرْحَمُ الراحِمين সর্বশ্রেষ্ঠ দয়ালু, দয়ালুদের দয়াল, সর্বশ্রেষ্ঠ মেহেরবান ৭:১৫১

الرَّاحِمُ দয়াকারী, কৃপাকারী ১২:৬৪

رَحِيمٌ ج رُحَمَاءُ، رَحْمنٌ রহীম, রহমান, দয়ালু, দরদী, দয়াল, সদয়, দয়াবান, দয়াপরবশ, সদাশয়, কৃপাময়, করুণাময়, পরম করুণাময়, অসীম দয়ালু, নিতান্ত দয়াশীল ৪৮:১৪

رِحْمٌ و أَرْحَامٌ করুণার পাত্র, মাতৃগর্ভ, জরায়ু, গর্ভাশয়, গর্ভকোষ, গর্ভজ, গর্ভজাত আত্মীয়, আত্মীয়স্বজন, আত্মীয়তা ৩:৬

رُخَاءٌ <رخو মৃদুভাব, আলতোভাব, কোমলতায়, নরমভাবে, আরগোছে ৩৮:৩৬

رِدْءٌ جل أَرْدَاءُ <ردأ সাহায্যকারী, সহকারী, সহায়ক, সহযোগী, সাহায্যার্থে ২৮:৩৬

رَدَّ [ن]، رَدٌّ، مَرَدٌّ <ردد ফিরত দেওয়া, ফেরত পাঠানো, প্রত্যাখ্যান করা, ফিরিয়ে দেওয়া, তাড়িয়ে দেওয়া, প্রত্যাহার করা, ফিরিয়ে নেওয়া, জবাব দেওয়া, রদ করা, রোধ করা, প্রতিরোধ করা, প্রতিহত করা, খণ্ডন করা, অর্পণ করা, সোপর্দ করা, ফিরিয়ে আনা, প্রত্যাবর্তন করা ২:১০৯

تَرَدَّدَ ফিরতে থাকা, ঘুরপাক খাওয়া, ইতস্তত করা, দ্বিধা করা ৯:৪৫

اِرْتَدَّ ফিরা, ঘোরা, ফিরে যাওয়া, পশ্চাতে ফিরা, মুরতাদ হওয়া, ধর্মত্যাগ করা, উল্টা চলা, পূর্বাবস্থায় ফিরে আসা, প্রত্যাবর্তন করা ১২:৯৬

رَادٌّ ফিরতদাতা, রদকারী, অপসারণকারী, দূরকারী, প্রত্যাহারকারী, প্রত্যার্পণকারী, অর্পণকারী ১৬:৭১

مَرَدٌّ প্রতিহতকারী, দূরকারী, অপসারণকারী, প্রত্যাবর্তনস্থল, পরিণাম ১৩:১১

مَرْدُودٌ ফেরতযোগ্য, প্রত্যাবর্তনীয়, অপসারণীয়, অপসারিত, প্রতিহত ১১:৭৬

غَيْر مَرْدُودٍ অফেরতযোগ্য, অপ্রতিহত, অনিবার্য ১১:৭৬

رَدِفَ [س] <ردف সহগামী হওয়া, সহগামী হওয়া, অনুসরণ করা, পরবর্তীতে আসা, পরপর আসা ২৭:৭২

Source — https://www.hadithbd.com/books/link/?id=10222

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন